

স্মারক নং-৪৩.২৬.৬৪০০.০০২.২৩.০৪৩.১৭.৭৫/১(২৫)

তারিখ: ২১-০৭-২০১৯ খ্রিঃ |

বিষয়: জাতীয় শোক দিবস ২০১৯ উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা।

জাতীয় শোক দিবস ২০১৯ উদযাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন জেলা সরকারি গণগ্রন্থাগার, নওগাঁয় রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এ উপলক্ষে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

ক) রচনা প্রতিযোগিতা: (রচনা জমা দেওয়ার শেষ তারিখ ২০.০৮.২০১৯)

ক্র.নং	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা
১.	"ক"	পঞ্চম-অষ্টম	খোকা থেকে বঙ্গবন্ধু	১০০০
২.	"খ"	নবম-দ্বাদশ	বঙ্গবন্ধু ও বাংলাদেশ	১২০০
৩.	"গ"	স্নাতক-স্নাতকোত্তর	বঙ্গবন্ধুর কারাগার জীবন	১৫০০
৪.	"ঘ"	সবসামান্য	১৫ আগস্টের শোকাবহ রাত	১৮০০

খ) চিত্রাংকন প্রতিযোগিতা: (চিত্রাংকন প্রতিযোগিতা ২০.০৮.২০১৯ তারিখে বিকেল ৩:০০ টায় জেলা সরকারি গণগ্রন্থাগার, নওগাঁ তে অনুষ্ঠিত হবে)

ক্র.নং	গ্রুপ	শ্রেণি	চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়
১.	"ক"	অনূর্ধ্ব - ৭ বছর	উন্মুক্ত
২.	"খ"	অনূর্ধ্ব - ১২ বছর	শিশুদের প্রিয় বঙ্গবন্ধু

শর্তাবলীঃ-

১. রচনা A4 সাইজ সাদা কাগজে স্বহস্তে লিখতে হবে। প্রতিটি পাতার এক পৃষ্ঠায় লিখতে হবে। উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
২. ছাত্রছাত্রীদের রচনা স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক এবং অন্যান্য প্রতিযোগীর রচনা জাতীয় পরিচয় পত্রের ফটোকপি/প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ জমা দিতে হবে।
৩. রচনায় অবশ্যই প্রতিযোগীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৪. রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচিত হবেনা।
৫. চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণে প্রত্যেক প্রতিযোগীকে ১৯.০৮.২০১৯ তারিখের মধ্যে সংশ্লিষ্ট গণগ্রন্থাগারে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের সময় বয়স প্রমানের জন্য জন্ম সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের কাগজ/আর্ট পেপার ব্যতীত চিত্রাংকনের জন্য অন্যান্য উপকরণ নিজ দায়িত্বে আনতে হবে।

প্রাপকঃ- অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার

স্বাক্ষরিত/-
(এস এম আশিফ)
লাইব্রেরিয়ান
জেলা সরকারি গণগ্রন্থাগার, নওগাঁ।
ফোন- ০৭৪১-৮১৪০৬

ই-মেইলঃ naogaondgpl@gmail.com

স্মারক নং-৪৩.২৬.৬৪০০.০০২.২৩.০৪৩.১৭.

তারিখ: ২১-০৭-২০১৯ খ্রিঃ |

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ-

১/ জেলা প্রশাসক, নওগাঁ |

২/ অতিরিক্ত জেলা প্রশাসক (সাবিক), নওগাঁ।

(এস এম আশিফ)
লাইব্রেরিয়ান
জেলা সরকারি গণগ্রন্থাগার, নওগাঁ।